লেখকের সংক্ষিপ্ত পরিচিতি

লেখকের নাম ঃ হাফেজ মোহাম্মদ আব্দুল জলিল। আক্বিদা বিশ্বাসে সুন্নী, মাযহাবে হানাফী এবং তরিকায় ক্বাদেরী। **পিতার নাম ঃ** মুন্সী আদম আলী মোল্লা। **মাতার নাম ঃ** মালেকা খাতুন।

জন্ম ঃ ২৬শে ভাদ্র, শনিবার-১৩৪০ বাংলা। চার বোন ও ছয় ভাইয়ের মধ্যে সর্ব কনিষ্ঠ।

জন্মস্থান ঃ গ্রাম আমিয়াপুর, পোষ্ট ঃ পাঠান বাজার, থানা ঃ মতলব (উঃ), জিলা ঃ চাঁদপুর। দিল্লীর প্রখ্যাত বুজুর্গ ও ফেকাহবিদ আলিম এবং বাদশাহ আলমগীরের ওস্তাদ হযরত মোল্লা জিয়ুন (রহঃ) ছিলেন লেখকের বংশের উর্দ্ধতন পুরুষ। হযরত মোল্লা জিয়ুন (রহঃ) রচিত ফেকাহ নীতিশাস্ত্র নূরুল আনওয়ার গ্রন্থখানা দুনিয়াব্যাপী সমাদৃত এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের ফাজিল জামাতের পাঠ্য গ্রন্থ। ১৯৫৭ খৃষ্টাব্দে সিপাহী বিদ্রোহের কারণে ইংরেজ কর্তৃক মুঘল সালতানাতের পতনের পর হযরত মোল্লা জিয়ুন (রহঃ)-এর বংশধরগণের একটি শাখা প্রাণভয়ে তৎকালীন ত্রিপুরা বর্তমান কুমিল্লার ময়নামতিতে হিজরত করে চলে আসেন এবং স্থায়ীভাবে বাংলাদেশে বসবাস গড়ে তুলেন। কালক্রমে ঐ বংশই বর্তমান আমিয়াপুর গ্রামে এসে নেছা বিবির সম্পত্তি ক্রয় করে বসবাস করতে থাকেন। (পৈত্রিক সূত্রে প্রাপ্ত তথ্য।)

শিক্ষা দীক্ষা ও কর্মজীবন ঃ লেখক প্রথমে মক্তবে কুরআন মজিদ ও কিছু কিতাব শিক্ষা করেন। ৪র্থ শ্রেণী পাস করার পর হিফ্জ আরম্ভ করেন এবং দু'বছর তিন মাসে হিফজ শেষ করেন। তারপর মাদ্রাসায় ভর্তি হয়ে দাখিল, আলিম, ফাজিল ও কামিল (হাদীস) ১ম বিভাগে বৃত্তিসহ (১৯৫৬ইং-১৯৬৪ইং সালে) উত্তীর্ণ হন। তারপর ইন্টারমিডিয়েট, ডিগ্রি ও এম.এ. (জেনারেল ইতিহাস) উচ্চতর দ্বিতীয় বিভাগে স্টাইপেন্ডসহ পাস করেন (১৯৬৬-১৯৭০ইং সালে)। আরবী ও জেনারেল শিক্ষা সমাপ্তির পর কলেজে অধ্যাপনা শুরু করেন। ছাগলনাইয়া কলেজ ও নওয়াব ফয়জুন্নেছা কলেজে ইতিহাস বিভাগে অধ্যাপনা করেন। উচ্চতর শিক্ষা লাভের পাশাপাশি জিবীকা নির্বাহের উদ্দেশ্যে চট্টগ্রাম শহরে ১৯৬৪-৭৮ইং সামান্য বিরতিসহ হযরত তারেক শাহ (রহঃ) দরগাহ মসজিদে ইমাম ও খতীবের দায়িত্ব পালন করেন। অধ্যাপনার ফাঁকে ১৯৭৩ইং সালে ১ বছর অগ্রণী ব্যাংকে প্রভেশনারী অফিসার হিসেবে কাজ করে ইস্তফা দেন। ১৯৭৩ইং সালে বিসিএস লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হন। হাজীগঞ্জ বড় মসজিদে ১৯৭৫ সালে ছয় মাস ইমাম ও খতীবের দায়িত্ব পালন করে ইস্তফা দিয়ে পুনরায় চট্টগ্রাম চলে যান। চট্টগ্রামের জামেয়া আহমদিয়া সুন্নীয়া আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ পদে ১৯৭৭ সালে যোগদান করেন। ১৯৭৮ সালে ঢাকা মোহাম্মদপুর কাদেরিয়া তৈয়বিয়া আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ পদে চাকুরী নিয়ে স্থায়ীভাবে ঢাকা চলে আসেন। ১৯৮৭ সাল থেকে ১৯৯০ইং সাল পর্যন্ত মধ্যখানে ৪ বছর ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ-এর ইমাম ট্রেনিং প্রজেক্ট ও ঢাকা বিভাগীয় কার্য্যালয়ে ডাইরেক্টর হিসেবে দায়িত্ব পালন করে পুনরায় ১৯৯০-এর ডিসেম্বরে কাদেরিয়া তৈয়বিয়া আলীয়া মাদ্রাসায় অধ্যক্ষ পদে যোগদান করেন। অধ্যক্ষের দায়িত্ব পালনের পাশাপাশি মসজিদের খতীব, ওয়াজ নসিহত ও আহলে সুন্নাতের নির্বাচিত মহাসচিবের দায়িত্বও পালন করে যাচ্ছেন। বুখারী শরীফসহ তার লিখিত, অনুদিত ও সম্পাদিত ১৪ খানা গ্রন্থ এ পর্যন্ত প্রকাশিত হয়েছে।

বিদেশ ভ্রমণ ঃ ১৯৮০ইং সালে প্রথম বিদেশ ভ্রমণ করেন। ভারতের আজমীর শরীফে হযরত খাজা গরীব নওয়াজ (রহঃ) ও বেরেলী শরীফের আলা হযরত ইমামে আহলে সুন্নাত হযরত শাহ আহমদ রেজা খান বেরলভী (রহঃ) এর মাযার শরীফ যিয়ারত করে ফয়েজ ও বরকত লাভ করেন। ১৯৮২ইং সালে ইরাক সরকারের নিমন্ত্রণে বাগদাদে অনুষ্ঠিত মোতামারে ইসলামী সম্মেলনে বাংলাদেশী প্রতিনিধি দলের সাথে গমন করেন। সেই সাথে পবিত্র হজ্ব ও যিয়ারত করার সৌভাগ্য লাভ করেন এবং বাগদাদ শরীফের গাউসুল আযম (রাদিঃ)-এর মাযারসহ অসংখ্য নবী ও ওলীর মাযার শরীফ যিয়ারত করেন। ১৯৮৪ইং ও ১৯৮৫ইং সালে দু'বার ইরাক সরকারের আহ্বানে পুনরায় ইসলামী সম্মেলনে যোগদান করেন ও সেই সাথে যথাক্রমে হজ্জ ও ওমরাহ পালন করেন। ১৯৯৯ইং সালে কাফেলাসহ বাগদাদ শরীফ, বাইতুল মোকাদ্দাস, মদিনা শরীফ ও মক্কা শরীফ যিয়ারত করেন। বর্তমানে অন্যান্য দায়িত্বের পাশাপাশি ছুন্নী গবেষণা ও লেখালেখির কাজে ব্যস্ত আছেন। বাংলাদেশে ছুন্নিয়ত প্রতিষ্ঠার জন্যে বাতিল ফের্কার বিরুদ্ধে সংগ্রামে আহলে সুন্নাতের নেতৃত্ব দিয়ে যাচ্ছেন। ঢাকার শাহজাহানপুরে ১১ তলা বিশিষ্ট (প্রস্তাবিত) গাউসুল আযম জামে মসজিদ প্রতিষ্ঠার কাজে ব্যাপৃত রয়েছেন। শরিয়ত ও তরিকত প্রচারের কেন্দ্ররূপে উক্ত মসজিদ গড়ে তোলার জন্যে চেষ্টা চালিয়ে যাচ্ছেন। ১৯৯৭ইং ২৪শে নভেম্বর তারিখে বাগদাদ শরীফের বর্তমান মোতাওয়াল্লী হযরত সাইয়্যেদ আব্দুর রহমান আল জিলানী সাহেব (মাঃজিঃআঃ) তাঁকে লিখিত খেলাফত প্রদান করেছেন। লেখকের নিজ গ্রাম আমিয়াপুরে হযরত বিবি ফাতেমা (রাঃ) মহিলা মাদ্রাসা প্রতিষ্ঠা ও পরিচালনা করে যাচ্ছেন।

তারিখ ঃ এপ্রিল ২০০১ইং

ঈদে মিলাদুন্নবী (ﷺ)
ও
না'ত লহরী

অধ্যক্ষ হাফেজ মাওলানা মুহাম্মদ আবদুল জলিল
(এমএম. এমএ. বিসিএস)

ঈদে মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)
অধ্যক্ষ হাফেজ মাওলানা মুহাম্মদ আবদুল জলিল
গ্রাম ঃ আমিয়াপুর, পোষ্ট ঃ পাঠান বাজার
উপজেলা ঃ মতলব (উত্তর), জেলা ঃ চাঁদপুর।

প্রথম প্রকাশ ঃ
১লা রমজান-১৪১৬ হিজরী।
২২শে জানুয়ারী- ১৯৯৬ ইরেজী।

পরিমার্জিত দ্বিতীয় সংস্করণ ঃ
১লা রবিউল আউয়াল, ১৪২২ হিজরী
২৫শে মে ২০০১ইসায়ী

প্রকাশক ঃ
সুন্নী ফাউন্ডেশন
১/১২, তাজমহল রোড
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

স্বত্ব ঃ
লেখক কর্তৃক সংরক্ষিত

হাদিয়া ঃ ৩৫ টাকা

মুদ্রণে ঃ
এইচকে প্রিন্টার্স, ১৩১, ডিআইটি এক্সটেনশন রোড, ফকিরাপুল, ঢাকা।
ফোন ঃ ৯৩৩২৬১৬, ৪০৭৮০৪

EID-E-MILAD0UN-NABI (D) : WRITEN BY PRINCIPAL HAFIZ MAWLANA MUHAMMAD ABDUL JALIL (M.M.M.A-BCS)

PRICE : TK : 35, US$: 2

পবিত্র মিলাদের বিশ্লেষণ

বিলাদাত অর্থ জন্ম। এই বিলাদাত শব্দ থেকে "মিলাদ" শব্দটি এসেছে। মিলাদের মিম হরফটি মাসদারের মিম। বেলাদাত ও মিলাদ একই অর্থ। সুতরাং-"মিলাদুন্নবী" অর্থ- নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পবিত্র জন্ম।

"নবী করিম (দঃ) -এর বিলাদাত মোবারককে উপলক্ষ করেই উক্ত নেয়ামত প্রাপ্তির শুকরিয়া স্বরূপ "ঈদে মিলাদুন্নবী (দঃ)" অনুষ্ঠান প্রথম থেকে অদ্যাবধি প্রচলিত আছে। নবী করিম (দঃ) দুনিয়াতে থাকা অবস্থায়ই মদিনা শরীফে এর প্রচলন শুরু হয়েছে। ইবনে দাহ্ইয়া কর্তৃক ৬০৪ হিজরীতে তাঁর লিখিত মিলাদ গ্রন্থে "আত-তানভীর ফি মাওলিদিন নাজিরীল বাশীর (দঃ)"-তে এবং আল্লামা আবদুল হক এলাহাবাদী তাঁর লিখিত "আদ দোররোল মুনাজজাম" গ্রন্থে দু'খানা হাদীস উল্লেখ করেছেন।

প্রথম হাদীস ঃ (দলীল)

মদিনা শরীফের জনৈক সাহাবী হযরত আমের আনসারী (রাঃ) আপন ঘরে নিজ সন্তানাদি ও আত্মীয়-স্বজন নিয়ে নবী-করিম (দঃ)-এর পবিত্র বেলাদাত বা জন্ম বৃত্তান্ত ও ঘটনাবলী শিক্ষা দিচ্ছিলেন ও আলোচনা করছিলেন এবং বলছিলেন- আজ-ই-সেইদিন। এমন সময় আবু দারদা সাহাবীকে নিয়ে নবী করিম (দঃ) সেখানে উপস্থিত হলেন এবং বললেন ঃ "হে আমের! আল্লাহতায়ালা তোমার জন্যে রহমতের অসংখ্য দরজা খুলে দিয়েছেন এবং তাঁর ফেরেস্তাগণ তোমাদের সকলের জন্য মাগফেরাত কামনা করছেন"। প্রমাণের জন্য আরবী এবারত উল্লেখ করা হলো।

عَنْ اَبِى الدَّرْدَاءِ رَضِىَ اللّٰهُ عَنْهُ قَالَ مَرَرْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اِلٰى بَيْتِ عَامِرِ الْاَنْصَارِيِّ وَهُوَ يُعَلِّمُ وَقَائِعَ وِلَادَتِهِ لِاَبْنَائِهِ وَعَشِيْرَتِهِ وَيَقُوْلُ هٰذَا الْيَوْمَ- فَقَالَ النَّبِيُّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اِنَّ اللّٰهَ فَتَحَ عَلَيْكَ اَبْوَابَ الرَّحْمَةِ وَمَلَائِكَتُهُ يَسْتَغْفِرُوْنَ لَكُمْ (اَلتَّنْوِيْرُ فِىْ مَوْلِدِ النَّذِيْرِ الْبَشِيْرِ لِاِبْنِ دِحْيَةَ ٣ ، ٤ سنه)

দ্বিতীয় হাদীস ঃ (দলীল)

"হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) একদিন অনেক লোকজন নিজ গৃহে একত্রিত করে নবী করিম (দঃ)-এর পবিত্র বিলাদত বা জন্ম বৃত্তান্ত আলোচনা করছিলেন এবং আনন্দ উৎসবের মধ্য দিয়ে আল্লাহর প্রশংসা, নবী করিম (দঃ)-এর উপর দরূদ শরীফ পাঠে রত ছিলেন। এমন সময় নবী করিম (দঃ) সেখানে উপস্থিত হয়ে বললেন "তোমাদের সকলের জন্য আমার শাফায়াত ওয়াজিব হয়ে গেল"। নিম্নে হাদীসের আরবী এবারত উল্লেখ করা হল।

عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِىَ اللّٰهُ عَنْهُ اَنَّهُ كَانَ يُحَدِّثُ ذَاتَ يَوْمٍ فِىْ بَيْتِهٖ وَقَا-
ئِعَ وِلَادَتِهٖ صَلَّے اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ لِقَوْمٍ فَيَبْشِرُوْنَ وَيَحْمَدُوْنَ اللّٰهَ
تَعَالٰى وَيُصَلُّوْنَ عَلَيْهِ الصَّلٰوةَ وَالسَّلَامُ اِذْجَاءَ النَّبِىُّ صَلَّے اللّٰهُ عَلَيْهِ
وَسَلَّمَ وَقَالَ حَلَّتْ لَكُمْ شَفَاعَتِى (اَلدُّرُّ-الْمُنَظَّمُ اَلْمَوْلُوْدُ
الْكَبِير-اَلتَّنْوِيْرُ)

তৃতীয় দলীল ঃ

হযরত হাসসান বিন সাবিত (রাঃ)-যিনি নবী করিম (দঃ)-এর দরবারের কবি ছিলেন, তিনি মিম্বারে দাঁড়িয়ে নবী করিম (দঃ)-এর সানা সিফাত বয়ান করতেন এবং দুশমনদের সমালোচনার জবাব দিতেন। নবী করিম (দঃ) তা শুনে বলতেনঃ **'আল্লাহুম্মা আইয়্যিদহু বি রূহিল কুদ্‌ছ'** অর্থাৎ "হে আল্লাহ! তুমি তাকে (হাসসানকে) সাহায্য করো রূহুল কুদ্‌ছ দ্বারা (জিবরাইলের দ্বারা)"।

হযরত হাসসান (রাঃ) **কিয়াম সহকারে নবী করিম (দঃ)-এর পবিত্র বিলাদাত** এভাবে বর্ণনা করতেন ঃ

يَارَسُوْلَ اللّٰهِ اِنَّكَ وُلِدْتَ مُبَرَّءًا مِّنْ كُلِّ عَيْبٍ ـ كَاَنَّكَ خُلِقْتَ كَمَا تَشَاءُ-
وَضَمَّ الْاِلٰهُ اِسْمَهٗ بِاِسْمِهٖ- اِذَا قَالَ فِى الْخَمْسِ الْمُؤَذِّنُ اَشْهَدُ-
وَشَقَّ لَهٗ مِنْ اِسْمِهٖ لِيُجِلَّهٗ- فَذُو الْعَرْشِ مَحْمُوْدٌ وَهٰذَا مُحَمَّدٌ-

অর্থ ঃ "হে আল্লাহর রাসুল! আপনি সকল দোষত্রুটি মুক্ত হয়েই জন্মগ্রহণ করেছেন। আপনি যেরূপ চেয়েছেন, সেরূপেই আপনাকে পয়দা করা হয়েছে। আল্লাহ তায়ালা আপনার নামকে স্বীয় নামের সাথে সংযোজন করেছেন- যখন মুয়াজ্জিন পাঞ্জেগানা নামাজের সময় আযানের মধ্যে- "আশাহাদু আন্না মুহাম্মাদার রাসুলুল্লাহ"- বলে আহবান করে। আল্লাহ তায়ালা তাঁর সম্মানার্থে আপন নাম থেকে তাঁর নাম চয়ন করেছেন- আরশের মালিক হচ্ছেন মাহমুদ আর ইনি হচ্ছেন- "মুহাম্মদ (দঃ)"। (মাঝখানে শুধু একটি ওয়াও হরফের ব্যবধান মাত্র)।

এভাবে হযরত হাসসান (রাঃ) নবী করিম (দঃ)-এর জন্মের বিবরণ এবং অন্যান্য গুণাবলীর বিবরণ দিয়েছেন কিয়ামের মধ্যে। **সুতরাং কিয়ামের মাধ্যমে মিলাদ পাঠ করার প্রমাণ স্বয়ং নবী করিম (দঃ)-এর উপস্থিতিতেই পাওয়া যায়।** আমরাও তাই করি। আল্লাহ তায়ালা আমাদের সকলকে সত্যের উপলব্ধি দান করুন। আমিন।

৪র্থ দলীল ঃ

নবী করিম (দঃ)-এর খেদমতে জনৈক সাহাবী আরজ করলেন ঃ ইয়া রাসুলাল্লাহ; আপনি সোমবার দিন নফল রোজা রাখেন কেন? প্রতি উত্তরে নবী করিম (দঃ) এরশাদ করলেন "আমি এজন্য রোজা রাখি যে, এই দিনে আমি জন্ম গ্রহণ করেছি এবং এই দিনেই আমার উপর প্রথম অহী নাজিল হয়েছে।" (মুসলীম শরীফ)।

বৎসরে ৫২টি সোমবার হয়। এই ৫২ দিন রোজা রাখা মোস্তাহাব। কারণ হলো নবী করিম (দঃ)-এর জন্ম দিনের সম্মান করা। সুতরাং সারা বৎসরই জন্ম দিবস পালন করা মোস্তাহাব। মুসলিম শরীফের হাদীস নিম্নরূপ ঃ

سُئِلَ رَسُوْلُ اللّٰهِ صَلَّے اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ صَوْمِ يَوْمِ الْاِثْنَيْنِ فَقَالَ فِيْهِ
وُلِدْتُ وَفِيْهِ اُنْزِلَ عَلَىَّ-

অর্থ ঃ সোমবার দিন হুযুর (দঃ)-এর নফল রোজা রাখার কারণ সম্পর্কে নবী করিম (দঃ) কে জিজ্ঞাসা করা হলে তদুত্তরে তিনি এরশাদ করলেন ঃ এইদিনেই আমি জন্ম গ্রহণ করেছি এবং এদিনেই আমার উপর প্রথম অহী নাজিল হয়েছে। (ঐ অহী ছিল স্বপ্নের মাধ্যমে)।

৫ম দলীল ঃ

মিলাদুন্নবী উদযাপন করা, অনুষ্ঠান করা, আল্লাহর পথে খরচ করা, মিলাদ শরীফ অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ করা, এ অনুষ্ঠানের তাজিম করা এবং এর ফজিলত ও পুরস্কার সম্পর্কে খোলাফায়ে রাশেদীনের বর্ণিত হাদীস খুবই তাৎপর্যপূর্ণ। আল্লামা ইবনে হাজার হায়তামী (রহঃ) "আন নেমাতুল কোবরা আলাল আলম ফি-মাওলিদি সাইয়েদে ওলদে আদম" নামক আরবী গ্রন্থে চার খলিফার বর্ণিত হাদীস বর্ণনা করেছেন। তিনি ৭৮৫ হিজরীতে জীবিত ছিলেন। আল্লামা ইউসুফ নাবহানী এবং আল্লামা শরীফ সাইয়েদ আহমদ ইবনে আবদুল গণি ইবনে ওমর আবেদীন (দামেস্ক) তাঁর গ্রন্থের শরাহ লিখেছেন। পাঠক সমাজের খেদমতে উক্ত গ্রন্থের এবারত হুবহু উদ্ধৃত করা হলো ঃ

فَصْلٌ فِيْ بَيَانِ مَوْلِدِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ اَبُوْبَكْرٍ رَضِيَ اللّٰهُ عَنْهُ مَنْ اَنْفَقَ دِرْهَمًا عَلٰى قِرَاءَةِ مَوْلِدِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ رَفِيْقِيْ فِي الْجَنَّةِ وَقَالَ عُمَرُ رَضِيَ اللّٰهُ عَنْهُ مَنْ عَظَّمَ مَوْلِدَ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَدْ اَحْيَى الْاِسْلَامَ وَقَالَ عُثْمَانُ رَضِيَ اللّٰهُ عَنْهُ مَنْ اَنْفَقَ دِرْهَمًا عَلٰى قِرَاءَةِ مَوْلِدِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَاَنَّمَا شَهِدَ غَزْوَةَ بَدْرٍ وَحُنَيْنٍ وَقَالَ عَلِيٌّ رَضِيَ اللّٰهُ عَنْهُ وَكَرَّمَ اللّٰهُ وَجْهَهُ مَنْ عَظَّمَ مَوْلِدَ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَ سَبَبًا لِقِرَاءَةِ بِهٖ لَايَخْرُجُ مِنَ الدُّنْيَا اِلَّا بِالْاِيْمَانِ وَيَدْخُلُ الْجَنَّةَ بِغَيْرِ حِسَابٍ هـ (اَلنِّعْمَةُ الْكُبْرٰى عَلَى الْعَالَمِ فِيْ مَوْلِدِ سَيِّدِ وُلْدِ اٰدَمَ– لِلْعَلَّامَةِ شِهَابُ الدِّيْنِ ابْنِ حَجَرْ هَيْتَمِيْ الْمُتَوَفّٰى ٧٨٥ سنة)

অর্থ ঃ হযরত আবু বকর সিদ্দীক (রাঃ) বলেছেন ঃ "যে ব্যক্তি মিলাদুন্নবীতে (দঃ) এক দিরহাম পরিমাণ অর্থ খরচ করবে, সে বেহেস্তে আমার সাথী হবে"। হযরত ওমর (রাঃ) বলেছেন ঃ "যে ব্যক্তি মিলাদুন্নবীর তাজীম করবে, সে ব্যক্তি ইসলামকে জীবিত রাখবে।" হযরত ওসমান (রাঃ) বলেছেন ঃ "যে ব্যক্তি নবী করিম (দঃ)-এর মিলাদুন্নবীতে এক দিরহাম পরিমাণ অর্থ খরচ করলো, সে যেন বদর ও হুনাইনের যুদ্ধে অংশ গ্রহণ করলো।" হযরত আলী রাদিয়াল্লাহু আনহু ও কাররামাল্লাহু ওয়াজহাহু বলেছেন, "যে ব্যক্তি মিলাদুন্নবীর সম্মান দিবে এবং মিলাদ পাঠের উদ্যোগ গ্রহণ করবে, সে ব্যক্তি দুনিয়া থেকে ঈমান নিয়ে বিদায় গ্রহণ করবে এবং বিনা হিসাবে বেহেস্তে প্রবেশ করবে"– আন নে'মাতুল কোবরা আলাল আলম ফি মাউলিদি সাইয়েদে ওলদে আদম পৃঃ ৭-৮)।

সিদ্ধান্ত ঃ

চার খলিফার উক্ত উক্তি দ্বারা একথাও প্রমাণিত হলো যে, তাঁরা নিজেরাও নিজেদের যুগে নিজস্ব পদ্ধতিতে মিলাদুন্নবী পালন করতেন। তা না হলে অন্যকে উপদেশ দিতেন না। একথাও প্রমাণিত হলো– তাঁরা মিলাদুন্নবীই পালন করতেন–সিরাতুন্নবী নয়।

উপরোক্ত ৫টি হাদীস ও রেওয়ায়াত মোতাবেক পরবর্তী সলফে সালেহীন ও বুজুর্গানে দ্বীন মিলাদ ও কিয়াম পালন করে আসছেন। 'মিলাদ'–এর উপর প্রায় তিনশত কিতাব রচিত হয়েছে। প্রথমে আরব, ইরাক, দামেস্ক, মিশর, হলব প্রভৃতি দেশে মিলাদ ও কিয়াম প্রচলিত হয়ে ক্রমান্বয়ে অন্যান্য দেশসহ বাংলাদেশেও মিলাদ শরীফের প্রচলন হয়েছে। পদ্ধতির সামান্য হেরফের হতে পারে। কিন্তু মূলনীতির কোন পরিবর্তন হয়নি। **সুতরাং ঐতিহাসিক দিক থেকে ঈদে মিলাদুন্নবীর বয়স চৌদ্দশত বছর। তামাদ্দুনিক দৃষ্টিকোণ থেকে এই মিলাদ শরীফ মুসলিম সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ ও সামাজিক অনুষ্ঠানের মর্যাদা লাভ করেছে। এতে মুসলমানদের ইজমা হয়ে গেছে। এর বিকল্প অন্য কোন অনুষ্ঠান হতে পারে না। এবং মিলাদুন্নবী অনুষ্ঠানকে বর্জন করাও জায়েয নয়।**

বিগত কয়েক বছর ধরে এক শ্রেণীর লোক "মিলাদুন্নবী" প্রথাকে বিলুপ্ত করার মানসে "সিরাতুন্নবী" মাহফিল অনুষ্ঠান চালু করার চেষ্টা চালাচ্ছে। একটি প্রচলিত সুন্নাতকে ধ্বংস করা এবং অন্য একটি নুতন বিদআত চালু করা বৈধ নয়। জন্ম উপলক্ষে আনন্দ উৎসবকে জন্মোৎসব বলা হয়। আরবীতে নবী করিম (দঃ)-এর জন্মোৎসবকে "ঈদে-মিলাদুন্নবী" বলা হয়। 'সিরাতুন্নবী মাহফিল' অর্থ হলো– নবী করিম (দঃ)-এর চরিত্র মাহফিল। জন্মের উৎসব হয়, কিন্তু চরিত্রের কোন

উৎসব হয় না। জন্মোৎসব বাদ দিয়ে চরিত্র উৎসব হতে পারে না। "চরিত্র আলোচনা" বা সিরাতুন্নবী কিতাবের নাম হতে পারে। কিন্তু সিরাতুন্নবী নামে কোন অনুষ্ঠান হতে পারে না। সিরাতুন্নবী নামে কোন অনুষ্ঠান পূর্বে কখনও ছিল না এবং এর প্রমাণও নেই। ওহাবীরা মিলাদুন্নবী মানেনা বিধায় সিরাতুন্নবী মাহফিল করে মানুষকে ধোকা দেয়ার চেষ্টা করে। তাদের সিরাতুন্নবীর মাহফিলে শুধু চরিত্র আলোচনা হয়। মিলাদ কিয়াম তারা করে না। সুযোগ পেলে সিরাতুন্নবীও করবেনা। এটা তাদের সাময়িক কৌশলমাত্র।

ঈদে মিলাদুন্নবী ও সিরাতুন্নবী–এর মধ্যে একটি পার্থক্য হলো এই যে– মিলাদুন্নবী অনুষ্ঠানে– হায়াতুন্নবী-এর ধারণা ফুটে ওঠে– কিন্তু সিরাতুন্নবী অনুষ্ঠানে–হায়াতুন্নবী-এর কোন ধারণা ফুটে ওঠে না। বরং এর বিপরীত ধারণাই সৃষ্টি হয়। তাছাড়া জীবিত ব্যক্তির জন্য হয় মিলাদ বা জন্ম অনুষ্ঠান এবং মৃত ব্যক্তির জন্য হয়–সিরাত বা চরিত্র অনুষ্ঠান। যেহেতু ইসলামী আকিদা (বিশ্বাস) মোতাবেক শেষ নবী হযরত মোহাম্মদ মোস্তফা (দঃ) হচ্ছেন হায়াতুন্নবী (জীবিত নবী)। তাই তাঁর উদ্দেশ্যে যদি কোন উৎসব অনুষ্ঠান পালন করতে হয়, তবে অবশ্যই সেই অনুষ্ঠানের নাম হতে হবে–'মিলাদুন্নবী'। সিরাতুন্নবী নামে কোন অনুষ্ঠান হতে পারে না– খারিজী ওহাবীরা যেহেতু শেষ নবী (দঃ) কে হায়াতুন্নবী (জীবিত নবী) মানে না। সেহেতু তারা সিরতুন্নবী (নবীর চরিত্র)-এর অনুষ্ঠান করে থাকে। তারা বলে– নবী (দঃ) মরে মাটির সাথে মিশে গেছে। কিন্তু ইসলামী আকিদা (বিশ্বাস) হচ্ছে–নবী (দঃ) তাঁর রওযাপাকে স্বশরীরে জীবিত আছেন।

এখানে কেউ প্রশ্ন করতে পারেন যে, একই দিনে নবী করিম (দঃ)-এর জন্ম ও বেছাল হয়েছে। অর্থাৎ ১২ই রবিউল আউয়াল তারিখে তিনি জন্ম গ্রহণ করেছেন। আবার ৬৩ বছর পর একই তারিখে আল্লাহর সান্নিধ্যে তাশরীফ নিয়েছেন। সুতরাং একই দিনে জন্ম ও বেছাল উভয় দিবস পালন করাই যুক্তিযুক্ত। কিন্তু শুধু ঈদে মিলাদুন্নবী বা জন্মোৎসব পালন করা হয়, ইনতিকাল দিবস পালন করা হয়না কেন? উত্তর হলোঃ হাদীসে শুধু জন্মোৎসব পালনেরই প্রমাণ পাওয়া যায়। যেমন পূর্বে উল্লেখিত ৫ খানা হাদীস ইহার প্রকৃষ্ট প্রমাণ। ইনতিকাল দিবস পালন করার কোন ইঙ্গিত নেই। তদুপরি– উৎসব হয় জন্মের। মৃত্যুর কোন উৎসব হয় না। শোক দিবস পালন করা হয় মৃত ব্যক্তির। জীবিত ব্যক্তির জন্য কোন শোক দিবস পালন করা হয় না। ইসলামী আকিদা (বিশ্বাস) অনুযায়ী শেষ নবী (দঃ) হচ্ছেন হায়াতুন্নবী (জীবিত নবী)। তাই শেষ নবী (দঃ)-এর জন্ম উৎসব বা ঈদে-মিলাদুন্নবীই পালন করা হয়ে থাকে। নবীজী তো মৃত নন–সুতরাং মৃত্যু দিবস পালন করাও জায়েয নয়।

নবী করিম (দঃ) হায়াতুন্নবী। আমার লিখিত গ্রন্থ 'নূর-নবী' সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাফন অধ্যায়ে-ইমাম বায়হাকীর বর্ণিত রেওয়ায়াত দ্বারা-ইমাম তাকিউদ্দীন সুব্‌কী (৬২৭ হিজরী) প্রমাণ করেছেন যে, "ইনতিকালের দ্বিতীয় দিনগত মধ্যরাতে আল্লাহ তায়ালা নবী করিম (দঃ) এর রুহ্ মোবারক রওজা মোবারকে ফেরত দিয়েছেন এবং কেয়ামত পর্যন্ত নবী করিম (দঃ) স্বশরীরে রওজা মোবারকে জীবিত আছেন ও থাকবেন"। নবী করিম (দঃ)-এর অঙ্গ-প্রত্যঙ্গ নষ্ট করা মাটির জন্য আল্লাহ তায়ালা হারাম করে দিয়েছেন বলে সহী হাদীসে প্রমাণিত। সুতরাং শোক দিবস পালন করবো কার জন্য? হায়াতুন্নবীর জন্য? লা-হাওলা....। নব প্রসুত শিশুর জন্মোৎসব পালন করা হয় আকিকার মাধ্যমে। সুতরাং উৎসব হয় জন্মের- মৃত্যুর কোন উৎসব হয় না। মিলাদুন্নবীর প্রমাণ ও ফাজায়েল সম্পর্কে বিস্তারিত অবগতির জন্য নিম্নোক্ত কিতাবগুলো অধ্যয়ন করা জরুরী। কিয়ামের দলীল প্রমাণ আমার লিখিত 'মিলাদ ও কিয়ামের বিধান'-এ পড়ুন।

০১। আন্ নে' মাতুল কোবরা (আল্লামা ইবনে হাজার হায়তামী (রহঃ) ৭৮৫ হিজরী।

০২। আত্‌তানভীর (আরবী)–ইমাম আবুল খাত্তাব ইবনে দাহ্‌ইয়া (রহঃ)। (৬০৪ হিজরী)।

০৩। আদ্ দোররোল মুনাজ্জাম (আরবী)–আল্লামা আবদুল হক এলাহাবাদী (রহঃ) (৯১১ হিজরী)।

০৪। মাদখাল আলা আমালিল মাওলাদ (আরবী)-আল্লামা ইমাম আবু আবদুল্লাহ ইবনুল হাজ্ব।

০৫। শরহুন নে' মাতুল কোবরা (আরবী)-আল্লামা শেখ মোহাম্মদ দাউদী(রহঃ)।

০৬। নশরুদ দোরার আলা মাওলিদি ইবনে হাজর (আরবী)-আল্লামা সাইয়েদ আহমদ আবেদীন, দামেস্কী।

০৭। জাওয়াহিরুল বিহার আলা মাওলিদি ইবনে হাজার (আরবী)–আল্লামা ইউসুফ নাবহানী।

০৮। মিরআতুজ্জামান (আরবী)– ছিবতু ইবনিল জাওযী।

০৯। রুহুস সিয়ার (আরবী)- আল্লামা ইবরাহীম হলবী হানাফী। (সীরাতে হালাবী)

১০। আল বাওয়ায়েছ আলা ইন্‌কারিল বিদ্‌য়ী ওয়াল হাওয়াদিস (আরবী)–ইমাম নবভী।

১১। মৌলুদে বরজিঞ্জি (আরবী-বিশ্বব্যাপী প্রচলিত)- ইমাম বরজিঞ্জি (রহঃ)।

১২। আফতাবে আনওয়ারে সাদাকাত (উর্দ্দু) কৃত আল্লামা কাজী ফজলে আহমেদ লুধিয়ানভী।

১৩। আত্ তোহ্ফাতুস সুফিয়া কি মীলাদে খাইরিল বারিয়্যাহ (উর্দূ)-সুফী আবদুল গনি, চট্টগ্রাম।

১৪। মৌলুদে দিল পেজির (উর্দ্দূ)

১৫। মৌলুদে দিল পছন্দ (উর্দ্দু)।

১৬। মৌলুদে মোহাম্মদী হাকিকতে আহমদী (বাংলা)-মাওঃ বাশারত আলী-খলিফা ফুরফুরা।

১৭। ঈদে মিলাদুন্নবী বা মীলাদে খাইরিল বারিয়্যাহ (বাংলা)-আল্লামা পীর সাহেব-সম্ভুগঞ্জী।

১৮। মিলাদে মোস্তফা (বাংলা)-কবি গোলাম মোস্তফা।

১৯। আরফুত তা'রীফ বিল্ মাওলিদিশ্ শরীফ (আরবী)-হাফেজ সামছুদ্দিন ইবনুল জাওযী।

২০। আওদাতুস্ সাজী ফি মাওলিদিল হাদী (আরবী)-হাফেজ নাসিরুদ্দীন দামেস্কী।

যে সমস্ত সুন্নী দরবার ও জগৎ বিখ্যাত আলেম ও ফিকাহ্বিদগণ-মিলাদ, কিয়াম জায়েজ ও মোস্তাহাব বলে অভিমত ব্যক্ত করেছেন, তাদের কিছুসংখ্যক নাম উল্লেখ করা হলো ঃ

০১। ইমাম তকীউদ্দীন সুবকী

০২। ইমাম তাজ উদ্দিন সুবকী

০৩। আল্লামা ইবনে দাহ্ইয়া (৬০৪ হিঃ)

০৪। ইমাম নভবী

০৫। ইছমাইল হাক্কী (রুহুল বয়ান তাফছীর এর লেখক)।

০৬। জালাল উদ্দীন সিয়ুতী (তাফছীর-ই-জালালাইন-এর লেখক)

০৭। ইবনে হাজার হাযতামী

০৮। আল্লামা ইবনে কাছীর (তাফছীর-ই-ইবনে কাছীর-এর লেখক)

০৯। শাহ্ আব্দুল হক মোহাদ্দেছ দেহলভী (রহঃ)

১০। শাহ্ আব্দুর রহিম দেহলভী (রহঃ)

১১। শাহ্ ওয়ালী উল্লাহ্ মোহাদ্দেছ দেহলভী

১২। শাহ্ আব্দুল আজিজ মোহাদ্দেছ দেহলভী (রহঃ)

১৩। আল্লামা ইউছুফ নাবহানী (রহঃ)

১৪। মাওলানা কাজী ফজলে আহ্মদ লুধিয়ানভী (রহঃ)

১৫। ইমাম আহমদ রেজা খান বেরেলবী (ইমামে আহলে সুন্নাত ওয়াল জামাত) (রহঃ)

১৬। সদরুল আফাজিল নঈম উদ্দিন মুরাদাবাদী (রহঃ)

১৭। আল্লামা হাশমত আলী (রহঃ)

১৮। আল্লামা সাইয়িদ আহমেদ কাজিমী (রহঃ)

১৯। আল্লামা মুফতি আহমদ ইয়ার খান নঈমী (রহঃ)

২০। আল্লামা মুফতি আমজাদ আলী (রহঃ)

২১। আল্লামা সরদার আহমদ লায়াল পুরী (রহঃ)

২২। আল্লামা আবদুছ ছামী রামপুরী (রহঃ)

২৩। আল্লামা শেরে বাংলা আজিজুল হক আলকাদেরী, চট্টগ্রামী (রহঃ)

২৪। আল্লামা আবেদ শাহ মুজাদ্দেদী (রহঃ)

২৫। ছিরিকোটী দরবার, শাহ্পুর দরবার, পেশোয়ারী দরবার ও অন্যান্য সুন্নী দরবার সমূহ।

মিলাদ ও কিয়ামের সংক্ষিপ্ত নিয়ম ঃ

اَعُوْذُبِا للّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ- بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ- لَقَدْ جَاءَكُمْ رَسُوْلٌ مِّنْ اَنْفُسِكُمْ عَزِيْزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ حَرِيْصٌ عَلَيْكُمْ بِالْمُؤْمِنِيْنَ رَءُوْفٌ رَّحِيْمٌ- وَقَالَ اللّٰهُ تَعَالٰى فِىْ شَانِ حَبِيْبِهٖ وَمَحْبُوْبِهٖ وَمَعْشُوْقِهٖ مُخْبِرًاوَّاٰمِرًا- اِنَّ اللّٰهَ وَمَلٰئِكَتَهٗ يُصَلُّوْنَ عَلَى النَّبِيِّ- يَا اَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا صَلُّوْا عَلَيْهِ وَسَلِّمُوْا تَسْلِيْمًا-

বাংলা উচ্চারণ ঃ আউযু বিল্লাহি মিনাশ্‌শাইত্বানির রাজীম। বিস্‌মিল্লাহির রাহমানির রাহীম। লাকাদ জা-আকুম রাছুলুম মিন্ আনফুছিকুম আজিজুন আলাইহি মা আনিত্তুম হারিছুন আলাইকুম বিল মুমিনিনা রাউফুর রাহিম। ওয়া ক্বালাল্লাহু তায়ালা ফি শানি হাবীবিহী ওয়া মাহ্‌বুবিহী ওয়া মাশুকিহী মুখবিরাও ওয়া আমিরা। ইন্নাল্লাহা ওয়া মালায়িকাতাহু ইউছাল্লুনা আলান্ নাবিয়্যি-ইয়া আইয়্যুহাল্লাজিনা আমানু ছাল্লু আলাইহি ওয়া ছাল্লিমু তাছ্‌লিমা।

বাংলা দরূদ শরীফ ঃ (সকলে মিলে)

আল্লাহুমা ছাল্লি আলা ছাইয়্যিদিনা মাওলানা মোহাম্মদ
ওয়া আলা আলি ছাইয়্যিদিনা মাওলানা মোহাম্মদ।

০১। প্রেমাগুণে জ্বলে মরি, ওহে খোদা রাব্বানা–
আমি যার প্রেমের পাগল, সে তো সোনার মদিনা।। ঐ

০২। ওগো খোদা দয়া কর, নছিব কর মদিনা–
নবীজীকে না দেখাইয়া, কবরেতে নিওনা।। ঐ

০৩। কোথায় রইলেন দয়াল নবীজী, আমাদেরকে ছাড়িয়া–
আপনার এতিম উম্মত কান্দে, নবী নবী বলিয়া।। ঐ

০৪। কোথায় রইলেন দয়াল নবীজী, আমাদেরকে ছাড়িয়া–
আপনি বিনে কি লাভ হবে, এই ধরাতে বাঁচিয়া।। ঐ

০৫। মদিনা মদিনা বলে, কান্দি আমি জারে জার–
দেখা দেন গো দয়াল নবী, ডাকি আপনায় বারেবার।। ঐ

০৬। মদিনা মদিনা বলে, কান্দে মন পাপিয়া–
মদিনা নামের তছবিহ, ফিরি গলে লইয়া।। ঐ

০৭। আমরা সবাই অধম পাপী, আপনাকে তো চিনলাম না–
সেই কারণে রোজ হাশরে, আমাদেরকে ভুইলেন না।। ঐ

০৮। কঠিন হাশরের দিনে, কেউ তো কারো হবেনা–
উম্মতি উম্মতি বলে, কাঁদবেন নবী দিওয়ানা।। ঐ

০৯। নবীর জন্য যার প্রাণ এই দুনিয়ায় কান্দে না–
রোজ হাশরে সেই পাপীরা, নবীর দেখা পাইবে না।। ঐ

১০। আল্লাহ্ আল্লাহ্ জিকির কর, দরূদ পড় সবজনা–
রোজ হাশরে তরাইবেন, দয়াল নবী মোস্তফা।। ঐ

১১। মদিনাতে শুয়ে আপনি, মোদের সালাম শুনতে পান–
কেমনে যাব মদিনাতে, সে পথ আমায় বলে দেন।। ঐ

১২। এশকের দরিয়ায় ডুব দেওরে মন, দেখবে নবীজীর দীদার–
খুলে যাবে চোখের পর্দা, দূর হবে মনের আঁধার।। ঐ

১৩। শুন্ বলিরে মন রে আমার, আর দিওনা যন্ত্রণা–
ধনে যদি হইতাম ধনী, যাইতাম সোনার মদিনা।। ঐ

১৪। যার লাগিয়া কাঁন্দরে মন, সে তো সোনার মদিনা–
স্বপ্ন যোগে দেখতে পাবে, হলে তাঁহার দিওয়ানা।। ঐ

১৫। দেহকে কাবা বানাইয়া, দিলকে বানাও মদিনা–
দিলের আয়নায় দিবেন দেখা, নূর নবী মোস্তফা।। ঐ

অথবা

২য় দরূদ ঃ (জিকিরের আওয়াজে অথবা পূর্বসূরে)

আল্লাহুম্মা ছাল্লিআলা ছাইয়্যিদিনা মোহাম্মদ–
নাবিয়িনা শাফিয়িনা মাওলানা মোহাম্মদ।। ২ বার

০১। আদম যখন মাটি পানি, মোর নবী খোদার রাসুল–
যাঁর উপরে পড়েন দরূদ আল্লাহ ও ফেরেস্তাকুল।। ঐ

০২। স্বয়ং খোদা আশেক হয়ে, দোস্তি করলেন যার সাথে–
নামে দিলেন নাম মিশাইয়া, দেখনা চেয়ে কলমাতে।। ঐ

০৩। কুফরীর অন্ধকারে, যখন ছিল এই ধরা–
কোরান নিয়ে আসলেন ভবে, নূর নবী মোস্তফা।। ঐ

০৪। আদম হাওয়া যত নবী, ফকির দরবেশ সব ইতি–
সবাই গাহেন তব গীতি, ছাল্লি আলা মোহাম্মদ।। ঐ

০৫। আকাশের ফেরেস্তারা, কাতারে কাতারে খাড়া–
রওজা পাকে পড়েন তারা, ছাল্লি আলা মোহাম্মদ।। ঐ

০৬। হাদীসেতে আছে লেখা, সত্তর হাজার ফেরেস্তারা–
রওজায় বিছায় নূরের পাখা, মিশকাত খুলে দেখনা।। ঐ

০৭। কোরানেতে বলেন খোদা, শুন যত মুমিন জনা–
আমি পড়ি তোমরা পড়, ছাল্লি আলা মোহাম্মদ।। ঐ

০৮। এই নামের মহিমা বড়, এই নামকে উছিলা ধর–
এই নাম জপনা কর, ছাল্লি আলা মোহাম্মদ।। ঐ

০৯। এই নামের দুশমন যারা, মহা পাপী বেদ্বীন তারা–
এই নাম শুনে দেয়না সাড়া, ছাল্লি আলা মোহাম্মদ।। ঐ

১০। পশু পাখী সবাই বলে, আজকে মোদের খুশির দিন–
এই দিনেতে আসলেন ভবে, রাহমাতুল্লিল আলামীন।। ঐ

১১। পশু পাখী সবাই চিনে, মানুষ হয়ে চিন্‌লাম না–
ঈদ মিলাদে কঠিন দিলে, খুশী কেন আসেনা।। ঐ

১২। ধন্য গো আমিনা বিবি, ধন্য আপনার জিন্দেগী–
আপনার তরে পাইলাম মোরা, রাহমাতুল্লিল আলামীন।। ঐ

১৩। খোদার নূরে পয়দা তিনি, তাঁর নূরেতে আসমান জমীন–
নূরের নবী ছিলেন তিনি, ছায়া যাঁহার ছিলনা।। ঐ

১৪। আদমের ললাটেতে, সেই নূরের ঝলকেতে–
ফেরেস্তারা সেজদা করে, হাদীস খুলে দেখনা।। ঐ

১৫। আবদুল্লাহর পেশানীতে, মা আমিনার শেকেমেতে–
সেইনূর আসলেন এই ধরাতে, হলো জগত উজালা।। ঐ

১৬। জন্ম হয়ে শিশুনবী, না দেখিলেন বাপের মুখ–
ছয় বৎসরের কালে নবী, হারাইলেন মায়ের বুক।। ঐ

১৭। সারা জীবন কাদছেন নবী পাপী উম্মতের মায়ায়–
এখনো কাঁদিতে আছেন, ঐ না সোনার মদিনায়।। ঐ

১৮। আল্লাহ আল্লাহ, জিকির কর, দরূদ পড় সবজনা–
রোজ হাশরে তরাইবেন, দয়াল নবী মোস্তফা।। ঐ

তারপর লুরী পাঠ ঃ (দোলনার গজল)

আল্লাহ্ আল্লাহ্ আল্লাহু-লাইলাহা ইল্লাহু (২বার)

০১। আপনার নূরে পয়দা হলো তামাম সংসার–
কে আছে আর আপনার মত এ বিশ্ব মাঝার-নবীজী।। ঐ

০২। মেরাজেতে গেলেন আপনি, বোরাকে সাওয়ার–
বিনা পর্দায় লা মকানে মাবুদের দীদার-নবীজী।। ঐ

০৩। কাউছারের মালিক আপনি, নবীদের ছরদার–
রোজ হাশরে পিলাইবেন হাউজে কাউছার-নজীবী।। ঐ

০৪। আপ্‌নাকে দেখিলে নবীগো, দোজখ হয় হারাম–
দয়া করে দিবেন দেখা, স্বপনে আমার-নবীজী।। ঐ

০৫। মউতের তুফান চলবে যখন, নবীগো আমার–
দুই নয়নে দেখি যেন চেহ্‌রায়ে আন্‌ওয়ার-নবীজী।। ঐ

০৬। গুনাহ্‌গারের গুনাহ্ ঝরে নবী, দরূদে আপনার–
দয়া করে কবুল করেন, দরূদ আমার-নবীজী।। ঐ

০৭। গুনাহ্‌গারের মুক্তিদাতা, হাবীব আল্লাহর–
তাঁর উপরে পড়ুন দরূদ, হাজার হাজার-নজীবী।। ঐ

০৮। মা আমিনার নয়ন মনি আসলেন এই ধরায়–
আসুন সবে দাঁড়াইয়া ছালাম জানাই-নবীজী।। ঐ

(সবাই উঠে দাঁড়িয়ে কিয়াম-এর কাসিদা পাঠ করতে হবে)

কিয়ামের কাসিদা (বাংলা)

ইয়ানাবী সালাম আলাইকা–ইয়া রাসুল ছালাম আলাইকা!
ইয়া হাবীব ছালাম আলাইকা–সালাওয়াতুল্লাহ্ আলাইকা।

০১। আপনি যে নূরের রবি-নিখিলের ধ্যানের ছবি।
আপনি না এলে দুনিয়ায়-আঁধারে ডুবিত সবি!! –ইয়ানাবী....

০২। আপনারি নূরের আলোকে জাগরণ এল ভূলোকে
গাহিয়া উঠিল বুলবুল-হাসিল কুসুম পুলকে!! –ইয়ানাবী....

০৩। চাঁদ সুরুয আকাশে ভাসে-সে আলোয় হৃদয় না হাসে।
এলে তাই হে নব রবি-মানবের হৃদয় আকাশে!! –ইয়ানাবী....

০৪। নবী না হয়ে দুনিয়ার-না হয়ে ফেরেস্তা খোদার!
হয়েছি উম্মত আপনার-তার তরে শোকর হাজার বার!! –ইয়ানাবী....

০৫। হে রাসুল ছালাম লাখো বার-মোরা যে উম্মৎ গুনাহ্‌গার!
কে আছে মোদের তরাইবার-হাশরে ভরসা আপনার!! –ইয়ানাবী....

০৬। হে রাসুল মদিনা হইতে-সব কিছু পারেন দেখিতে!
মোদের লাশ কবরে রাখিলে-লইবেন আপন কোলে!! –ইয়ানাবী....

০৭। দোজখে পাপীরে দিলে-আপনার দীদার পেলে!
তখন কি দোজখ রবে-দোজখ যে জান্নাত হবে!! –ইয়ানাবী....

০৮। আপনার দীদার বিনে-বাঁচেনা আশেক বাঁচেনা!
কেন যে আপনায় দেখিনা-এই বেদন প্রাণে সহেনা!! –ইয়ানাবী....

০৯। হাশরে বিপদের দিনে-শাফায়াত চাহিবেন সবে!
আপনারি শাফায়াত বিনে-নাজাত নাহি সেদিনে!! –ইয়ানাবী....

১০। আপনি যে খোদারি মকবুল-কেহ নাই আপনার সমতুল!
আপনি যে খোদার জাতীনূর-আপনারি নূরে সকল নূর!! –ইয়ানাবী....

১১। যা কিছু আছে গোপনে-দেখতে পান আপন নয়নে!
আপনি যে হাজির ও নাজির-সৃষ্টিকুল আপনার নজরে!! –ইয়ানাবী....

১২। কাউছার বানাইলেন খোদায়-মালিক করিলেন আপনায়!
সুরায়ে কাউছারে প্রমাণ-ইহা যে আপনার মহান শান!! –ইয়ানাবী....

১৩। খায়বরের ছাহ্‌বা মাকামে-শুইলেন আলীর কোলে!
ডুবন্ত সূর্য উদয় হয়-আপনারি আঙ্গুল ইশারায়!! –ইয়ানাবী....

১৪। আরবের মক্কা শহরে-ছাফার পর্বত কিনারে!
আপনারি আঙ্গুল ইশারায়-চন্দ্র দুই টুকরা হয়ে যায়!! –ইয়ানাবী....

১৫। হে নবী! আপনি সৃষ্টির মূল-সব কিছু আপনার নূরের ফুল!
চাঁদ-সুরুয আপনার তাবেদার-বানাইলেন আল্লাহ পরোয়ার!! –ইয়ানাবী

১৬। এমন চোখ দিলেন আল্লাহয়-দৃষ্টি যাঁর আর্‌শ মোয়াল্লায়!
খোদ খোদা গায়েব নাহি রয়-আর কিছু কেমনে গায়েব রয়!! –ইয়ানাবী.

অথবা

কিয়ামের কাসিদা–২

ইয়ানাবী সালাম আলাইকা-ইয়া রাসুল ছালাম আলাইকা!
ইয়া হাবীব সালাম আলাইকা-সালাওয়াতুল্লাহ্‌ আলাইকা।

০১। হে নবী আপনি হাজির নাজির ও ছালাম লন অধম পাপীর–
পাপী যে কান্দে দিন ও রাত, শুধু যে আপনায় দেখিতে।। –ইয়ানাবী....

০২। সাধ্য নাই যেতে মদীনা, দিন-রাত এই তো ভাবনা–
দেখা দেন নবী স্বপনে, এই আরজ আপনার চরণে।। –ইয়ানাবী....

০৩। হে নবী আপনি মদীনা হইতে, সব কিছুই পারেন দেখিতে–
মোদের লাশ কবরে রাখিলে, লইবেন আপন কোলে।। –ইয়ানাবী....

০৪। জিব্রাঈল ডাকেন বারে বার, খুলে দাও আসমানের দুয়ার–
এসেছেন নবীদের সর্দার, করিতে মাওলার দীদার।। –ইয়ানাবী....

০৫। ওহুদের ময়দানে নবী, দান্দান শহীদ করি–
ভাসাইলেন ইসলামের তরী, সেই তরী নিবে পার করি।। –ইয়ানাবী....

০৬। হে রাসুল সালাম লাখো বার, মোরা যে উম্মত গুনাহগার–
কে আছে মোদের তরাইবার, হাশরে ভরসা আপনার।। –ইয়ানাবী....

০৭। উছিলা আপনাকে নিয়া, কাঁদিলেন আদম ও হাওয়া–
হইল আল্লার দয়া, কবুল করিলেন দোয়া।। –ইয়ানাবী....

ক্বাসিদার পর–লাখো ছালাম

মোস্তফা জানে রহমত পে-লাখো ছালাম!
শময়ে বজ্‌মে হেদায়াত পে-লাখো ছালাম!!

০১। মেহরে চরখে নবুয়্যত পে রৌশন দরূদ!
গুলে বাগে রিছালাত পে লাখো ছালাম!! –মোস্তফা....

০২। জিছ্‌ ছোহানী ঘড়ি চম্‌কা তায়বা কা চাঁদ!
উছ্‌ দিল্‌ আফরোজে চা'আত পে লখো ছালাম!! –মোস্তফা....

০৩। জিন্‌কি সেজদে কো মেহ্‌রাবে কাবা ঝুকি!
উন্‌ ভউ কি লাতাফাত পে লাখো ছালাম!! –মোস্তফা....

০৪। খালেক নে আপনে নূর ছে মাহবুব কা নূর বানায়া!
উছি নূরে মোহাম্মদী পে লাখো ছালা!! –মোস্তফা....

০৫। আরশ ছে জেয়াদা রোত্‌বা-রওজা রাছুলুল্লাহ্‌ কা!
উছি রওজায়ে আন্‌ওয়ার পে লাখো ছালাম!! –মোস্তফা....

০৬। শবে আছ্‌রা কে দুলা পে দায়েম দরূদ!
নওশায়ে বজ্‌মে জান্নাত পে লাখো ছালাম!! –মোস্তফা....

০৭। কিছুকো দেখা ইয়ে মুছাছে পুঁছে কুই!
আখোঁ ওয়ালো কি হিম্মত পে লাখো ছালাম!! –মোস্তফা....

০৮। দূর ও নজদিক কি ছুননেওয়ালে ওয়ে কান!
কানে লালে কারামত পে লাখো ছালাম!! –মোস্তফা....

০৯। নূরকে চশ্‌মে লেহ্‌রায়ে দরিয়া বহে!
অংলীউঁকি কারামত পে-লাখো ছালাম!! –মোস্তফা....

১০। হাত জিছ্‌ তরফ উঠা গনী কর দিয়া!
মৌজে বাহরে ছাখাওয়াত পে-লাখো ছালাম!! –মোস্তফা....

১১। খায়ী হায় কোরআন নে-খাকে গুজার কি কছম!
উছ্ কাফে পা কি হুরমত পে-লাখো ছালাম!! –মোস্তফা....

১২। উন্‌কে মাওলা কে উন্‌পর কড়োরো দরূদ!
উন্‌কে আছ্‌হাব ও ইত্‌রাত পে-লাখো ছালাম!! –মোস্তফা....

১৩। ছাইয়িদা ফাতেমা জওজায়ে মুর্তজা!
ইয়ানে খাতুনে জান্নাত পে লাখো ছালাম!! –মোস্তফা....

১৪। শহীদে কারবালা হুছাইনে মুজতবা!
বে-কাছে দশ্‌তে গোর্‌বত্ পে-লাখো ছালাম!! –মোস্তফা....

১৫। গাউছে আজম ইমামুত তুক্কা ওয়ান নুক্কা!
জাল্‌ওয়ায়ে শানে কুদ্‌রত পে-লাখো ছালাম!! –মোস্তফা....

১৬। জিন্‌কি মিম্বার হুয়ী গর্দানে আওলিয়!
উছ্ কদম কি কারামত পে-লাখো ছালাম!! –মোস্তফা....

১৭। আজ্‌মেরী ছান্‌জারী খাজা গরীব নাওয়াজ!
উছ্ মুঈনুদ্দিন ও মিল্লাত পে-লাখো ছালাম!! –মোস্তফা....

১৮। নক্‌শায়ে নক্‌শ্ বন্দ খাজা বাহাউদ্দিন!
আওর মুজাদ্দেদ আল্‌ফে ছানি পে-লাখো ছালাম!! –মোস্তফা....

১৯। কামেলানে তরিকত পে-কামেল দরূদ!
আলেমানে শরীয়ত পে-লাখো ছালাম!! –মোস্তফা....

২০। ছাইয়িদী হযরতে কেব্‌লা আহমদ রেজা!
ইমামে আহ্‌লে ছুন্নাত পে-লাখো ছালাম!! –মোস্তফা....

২১। ডাল্ দি কুল্‌ব মে আজ্‌মতে মোস্তফা!
হেক্‌মতে আ'লা হযরত পে-লাখো ছালাম!! –মোস্তফা....

২২। বে হিছাব, কিতাব আওর আজাব ও ইতাব!
তা আবাদ্ আহ্‌লে ছুন্নাত পে-লাখো ছালাম!! –মোস্তফা....

২৩। হামারে ওস্তাদ ও মা-বাপ আওর ভাই ও বহিন!
আহ্‌লে ওল্‌দ্ ও আশিরাত্ পে-লাখো ছালাম!! –মোস্তফা....

তারপর দাঁড়ানো অবস্থায়ই 'আছ ছালাম' পড়তে হবে।

আছ্-ছালাম ঃ

০১। আছ ছালাম আয়-ছব্‌জে গোম্বদ কে মকীন (দঃ)!
আছ্ ছালাম আয়-রাহ্‌মাতুল্লিল আলামীন!!

০২। আছ্ ছালাম আয়-মীম-হা ও মীম-দাল!
আছ্ ছালাম আয় বেনজীর ও বে মেছাল!!

০৩। আছ্ ছালাম আয়-দস্তগীরে বে কাছাঁ!
আছ্ ছালাম আয়-চারায়ে দর্‌দে নেহা!!

০৪। তু ছখী তেরা ছখী-দরবার হায়!
গর করম কি জিও তু-বেড়া পার হায়!!

০৫। দস্ত বস্‌তা হ্যায় খাড়ে-হাজের গোলাম!
পেশ কর্‌তে হেঁ-গোলামানা ছালাম!!

০৬। ইয়া ইলাহি ছদ্‌কায়ে-আলে রাছুল!
ইয়ে ছালামী আশেকানা হো কবুল!!

০৭। আয় খোদা কে লাড়্‌লে-পেয়ারে রাছুল!
ইয়ে ছালামী আজেজানা-হো কবুল
ইয়ে মিলাদ আশেকানা হো কবুল!

মদিনে কে চাঁদ!–হাজারো ছালাম!
মদিনে কে চাঁদ! লাখো ছালাম!
মদিনে কে চাঁদ! ক্রোড় ছালাম!
মদিনে কে চাঁদ! বেহদ ছালাম!

এরপর বসে বসে পড়বে

বালাগাল উলা বিকামালিহী–কাশাফাদ দুজা বিজামালিহী।
হাছুনাত জামিউ খিছালিহী–ছাল্লু আলাইহি ওয়া আলিহী!!

এর পর একবার সুরা ফাতিহা ও তিনবার সুরা ইখলাস পাঠ করে দোয়া মুনাজাত করতে হবে।

(বিঃ দ্রঃ) ঃ মিলাদ শরীফে কিয়াম অবস্থায় বাংলা/উর্দু/আরবী কাসিদা পাঠ করার পর লাখো ছালাম এবং আছ ছালাম পাঠ করে কেয়াম সমাপ্ত করবে। "লাখো ছালাম"–ইমামে আহলে সুন্নাত আহ্‌মদ রেজা খান বেরলবী (রহঃ)-এর লিখিত ক্বাসিদা। হুজুর (দঃ)-এর শানে ইহা সর্বশ্রেষ্ঠ ক্বাসিদা।

মুনাজাত

হে আল্লাহ! হে রহমান, হে রহীম। আমরা এতক্ষণ তোমার হাবীবের শানে মিলাদ ও কিয়াম করেছি। সালাত ও সালাম পাঠ করেছি। আয়োজনকারী ও উপস্থিত সকলের পক্ষ হতে তুমি মেহেরবাণী করে এই পবিত্র মিলাদ মাহফিলকে কবুল ও মঞ্জুর করে নাও। হে আল্লাহ! আমরা তোমার রহমতের ভিখারী। তুমি দাতা। ভিখারী ঘরের দরজায় এসে প্রথমে মালিকের প্রিয় সন্তানাদির জন্য দোয়া করে পরে ভিক্ষা চায়। পিতা মাতার মনে ভিখারীর প্রতি দয়ার উদ্রেক হয়। তারা ভিখারীকে খালী হাতে বিদায় দিতে পারেনা। তেমনিভাবে তোমার শাহী দরবারে রহমতের ভিক্ষা চাওয়ার পূর্বে আমরা তোমার প্রিয় হাবীবের গুণগান করেছি। দরূদ ও সালাম আরজ করেছি। তুমি ওয়াদা করেছো–তোমার হাবীবকে একবার সালাত ও সালাম জানালে তুমি তার উপর দশবার রহমত নাজিল কর। হে মাওলা! আমরা তো তোমার দরবারে রহমতের ভিখারী। আমরা তোমার হাবীবের উছিলায় তোমার রহমত চাই। তুমি আমাদেরকে রহমত থেকে বঞ্চিত করোনা–মাওলা!

